

22 মার্চ, 2019

প্রিয় পরিবারবর্গ,

আপনি ইদানিংকালে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) থেকে একটি চিঠি পেয়েছেন, যেটায় “পাবলিক স্কুল চয়েস (পাবলিক স্কুল বাছাই)” প্রোগ্রাম সম্পর্কে জানানো হয়েছে। আমরা ভুলে আপনাকে এই চিঠি পাঠিয়েছি।

চ্যাম্পেলর এবং DOE-এর আপনার স্কুলের উপর আস্থা আছে। আমরা আপনার স্কুল এবং সিটিজুড়ে প্রতিটি স্কুল যতটুকু সম্ভব তারা উন্নতি করতে পারে ততটুকু উন্নতিতে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের স্কুলগুলোর উপর আমাদের আস্থা আছে এবং উন্নতির জন্য ওগুলোকে আমরা বাস্তবিক সুযোগ দিচ্ছি। এবং আমরা বুঝি যে শুধুমাত্র শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল অথবা স্টেটের দেয়া আখ্যা দিয়ে পুরোপুরিভাবে স্কুলের মান বোঝা যায় না।

DOE সিটির প্রতিটি স্কুলের পাশে আছে। আমরা এটা করি, প্রতিটি স্কুলকে তাদের প্রয়োজন অনুযায়ী উন্নতির জন্য রিসোর্স ও সহযোগিতা প্রদান করার মাধ্যমে, এবং এই অঙ্গিকার যেসব স্কুলকে স্টেট - কম্পিহেনসিভ সাপোর্ট এন্ড ইমপ্রভমেন্ট (CSI) হিসেবে মনোনয়ন করেছে, সেগুলোর প্রতি আরো কঠোর মনোনিবেশ করার মাধ্যমে। আমরা চাই আমাদের স্কুলগুলো অবিচলিত ভাবে শিক্ষার্থী ভর্তির উপকারগুলো পেয়ে যাক এবং একটি স্থিতিশীল কমিউনিটি বজায় রাখুক। আপনাদের জানাতে চাই যে আমরা আমাদের শিক্ষার্থী, তাদের পরিবার, এবং শিক্ষকদের প্রতি অঙ্গিকারবদ্ধ, এবং আমাদের আপনার স্কুলের প্রতি আস্থা আছে।

পূর্ববর্তী ফেডারেল আইন অনুযায়ী, যেসব শিক্ষার্থী স্টেট মনোনীত স্কুলে পড়াশোনা করত আগে তারা পাবলিক স্কুল চয়েস প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারত, যেটা পরিবারদের স্টেট মনোনীত স্কুলগুলো থেকে অন্য স্কুলে বদলি হবার অনুরোধ করার সুযোগ দিত। কিন্তু, এখন যেহেতু ফেডারেল আইন পরিবর্তিত হয়েছে, এই পাবলিক স্কুল চয়েস প্রোগ্রামটি আর পরিবারদের অফার করা হয় না। আমরা আমাদের আগের চিঠিটি ভুলে পাঠিয়েছি, এবং সেজন্যে আমরা দুঃখিত।

আর সব DOE স্কুলের মতই, আপনার যদি আপনার স্কুল নিয়ে উদ্বেগ থাকে অথবা আপনার সন্তানকে বদলি করার ইচ্ছা থাকে, তবে আপনি Jessica Lee-এর সাথে Jlee41@schools.nyc.gov -ইমেইলে অথবা (212) 374-5567 নাম্বারে ফোনে যোগাযোগ করতে পারেন।

এই ভুল-ভ্রান্তির জন্য আমরা ক্ষমাপ্রার্থী, এবং আপনার সন্তানকে সফল হবার লক্ষ্যে প্রস্তুত করতে আপনার অংশীদারিত্বের জন্য আপনাকে ধন্যবাদ। আমরা বিশ্বাস করি যে, আপনাদের মত পরিবারবর্গ এবং কঠোর পরিশ্রমী শিক্ষকবৃন্দ ও স্কুলের নেতৃবৃন্দের সমর্থনে, আমরা প্রতিটি স্কুলের প্রতিটি শিক্ষার্থীর জন্য সমতা এবং শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারব।

বিশ্বস্ত,

সারাহ ক্লাইনহ্যান্ডলার (Sarah Kleinhandler)

চিফ এনরোলমেন্ট অফিসার

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট